

তারিখ 26 MAY 1996  
পৃষ্ঠা ৫

46

রাজশাহী

দৈনিক বাংলা

রাজশাহী বোর্ড থেকে এসএসসি পরীক্ষায়  
স্টার বা উচ্চ মার্ক পেয়ে মোটামুটি  
ভালো রেজাল্ট করেছি তাদের অনেকেই  
ঢাকার বিভিন্ন কলেজে ভর্তি  
হয়েছি। এসব কলেজের একটি বেগম  
বদরুন্নেছা সরকারী মহিলা মহাবিদ্যালয়।  
১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার  
রেজাল্ট ও মেধার ভিত্তিতে ছাত্রছাত্রীদের  
বৃত্তি প্রদান করা হচ্ছে। বৃত্তির দরখাস্তের  
জনা রয়েছে নির্ধারিত ফরম। এই ফরম  
ঢাকার বাইরে সব জায়গায় এবং ঢাকার  
বিভিন্ন কলেজে পাঠানো হয়েছে এবং  
কিছু কিছু এলাকায় বৃত্তির টাকাও প্রদান  
করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, ঢাকার  
একটি বিশিষ্ট সরকারী কলেজ "বেগম  
বদরুন্নেছা মহিলা মহাবিদ্যালয়ে এখন  
পর্যন্ত রাজশাহী বোর্ডের বৃত্তির ফরম  
প্রদান করা হয়নি। অথচ এ কলেজে

রাজশাহী বোর্ড ব্যতীত অন্যান্য সব  
বোর্ডের বৃত্তির ফরম এসেছে। ঢাকার এই  
বিশিষ্ট কলেজটির কথা কি রাজশাহী  
বোর্ডের কর্তৃপক্ষের জানা নেই? নাকি  
বেগম বদরুন্নেছা সরকারী মহিলা মহা-  
বিদ্যালয় থেকে এখন পর্যন্ত রাজশাহী  
বোর্ডের বৃত্তির ফরম চাওয়া হয়নি? এর  
সঠিক উত্তর জানার জন্য রাজশাহী মাধ্য-  
মিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ও  
বদরুন্নেছা মহিলা কলেজ কর্তৃপক্ষের দৃষ্টি  
আকর্ষণ করছি এবং আবেদন জানাচ্ছি,  
জরুরী ভিত্তিতে আমাদের বৃত্তির দর-  
খাস্তের ফরম পাঠানোর ব্যবস্থা হোক।

পুতুল  
বেগম বদরুন্নেছা সরকারী মহিলা  
মহাবিদ্যালয়  
ঢাকা।

রাজশাহী শিক্ষা বোর্ড

কর্তৃপক্ষ সমীপে

আমরা যারা ১৯৯৫ইং সালে রাজ